



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উদ্ভিদ সংরক্ষণ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং অধিশাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০১২.১৬.০৭৪.২৩.৮৮

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০

১১ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: বালাইনাশক ডিলারের দোকানে পরিবেশ বান্ধব জৈব বালাইনাশক মজুদ ও বিক্রয় প্রসংগে

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, নিরাপদ ও পুষ্টি সমৃদ্ধ খাদ্য উৎপাদন ও সহজলভ্যতা খাদ্য নিরাপত্তার একটি বড় নিয়ামক। বর্তমানে পোকামাকড় দমনে কৃষকগণ যত্রতত্র রাসায়নিক কীটনাশক ব্যবহারের ফলে একদিকে যেমন মাটি, পানি, বায়ু তথা পরিবেশ দূষিত হচ্ছে, অন্যদিকে উৎপাদিত পণ্যে বিষক্রিয়া থাকায় তা গ্রহণে জনস্বাস্থ্য হুমকির সম্মুখীন হচ্ছে, যার ফলে ক্যান্সারসহ নানাবিধ রোগ এর প্রাদুর্ভাব প্রতিনিয়ত বেড়ে চলেছে। অন্যদিকে এ সকল পণ্য বিদেশে রপ্তানীযোগ্য, হচ্ছে না, ফলে সরকারের বৈদেশিক মুদ্রা অর্জন ব্যহত হচ্ছে।

এমতাবস্থায় ফসলের বালাই দমনে জৈব বালাইনাশক একটি পরিবেশ বান্ধব প্রযুক্তি যা ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধ করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পসহ আন্তর্জাতিক অনেক সংস্থা যেমন সিমিট, এফএও সহ অন্যান্য অনেক সংস্থাই কাজ করে যাচ্ছে। কৃষকদের সচেতনতা বৃদ্ধি করা হলেও তাদের নিকটস্থ ডিলারদের নিকট জৈব বালাইনাশক সহজলভ্য না হওয়ায় তারা তা ব্যবহার করতে পারছে না।

অত্র উইং থেকে ইতোমধ্যে ৮৪ (চুরাশি) টি জৈব বালাইনাশক রেজিস্ট্রেশন দেয়া হয়েছে এবং আরো বেশ কিছু অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। কাজেই অনুমোদিত জৈব বালাইনাশক এর প্রাপ্যতা সহজতর ও ব্যবহার বৃদ্ধির জন্য এখন হতে প্রত্যেক বালাইনাশকের দোকানে আবশ্যিকভাবে একটি আলাদা কর্নার করে জৈব বালাইনাশক মজুদ রাখতে হবে। নতুন লাইসেন্স প্রদান কিংবা নবায়নের ক্ষেত্রে দোকান পরিদর্শনের পর প্রত্যয়নকালীন এর প্রতিফলন যাতে থাকে সে বিষয়টি গুরুত্বের সাথে দেখতে হবে।

১১-৯-২০২৩

মোঃ ফরিদুল হাসান

পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: +৮৮০২৯১৪০৮৫০

ইমেইল: dppw@dae.gov.bd

অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ
অধিদপ্তর।

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০১২.১৬.০৭৪.২৩.৮৮/১(৬)

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০

১১ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ২) পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

- ৩) উপপরিচালক, বালাইনাকশ প্রশাসন অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৪) উপপরিচালক, সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৫) উপপরিচালক, সমন্বিত বালাই ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৬) উপপরিচালক, বালাইনাকশ মান নিয়ন্ত্রণ অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর



১১-৯-২০২৩

মোঃ ফরিদুল হাসান
পরিচালক (ভারপ্রাপ্ত)